গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থাপত্য অধিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
www.architecture.gov.bd

# পূনর্গঠিত ইনোভেশন টিম ও সেবা সহজিকরণ টিম এর সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | আহমেদ বশীর উদ্দিন<br>তত্ত্বাবধায়ক স্থপতি ও ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ০২/১১/২০২২ ইং |
| সভার সময় | অপরাহ্ন ১-৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্থাপত্য অধিদপ্তর। |
| উপস্থিতি | সংযুক্তি তালিকায় প্রদর্শিত। |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর পূণর্গঠিত ইনোভেশন টিম ও সেবা সহজীকরণ টিমের সকলে নিজের পরিচয় জ্ঞাপন করেন। সভায় বিগত ০৬/১০/২০২২ তারিখে সভার কার্যবিবরনীর আলোকে স্থাপত্য অধিদপ্তরের ইনোভেশন ও সেবা সহজীকরণ কার্যক্রমের সার্বিক অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়।

## আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

| | আলোচনাসমূহ | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ১। | স্থাপত্য অধিদপ্তরের ইনোভেশন ও সেবা সহজীকরণ কার্যক্রমের জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়সীমা (ডেডলাইন) নিয়মিত তদারকির মাধ্যমে এর প্রতিপালন নিশ্চিতকরণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | কার্যক্রমসমূহের নির্ধারিত সময়সীমা (ডেডলাইন) প্রতিপালন এর জন্য নির্বাহী স্থপতি বেগম সায়েকা বিনতে আলম তা নিয়মিত তদারকি করবেন। |
| ২। | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা ও ডিজিটাইজেশন আইডিয়াসমূহের ডাটাবেজ প্রস্তুতপূর্বক অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডকরণ ও সকল সেবাসমূহ যথাযথভাবে চালু রাখার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | নবগঠিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তরের পূর্বে বিদায়ী সদস্য সহকারী স্থপতি জনাব একেএম আশরাফুজ্জামান বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেইজ যথাসময়ে হালনাগাদ করবেন। |
| ৩। | ইনোভেশন, সেবা সহজিকরণ ডিজিটাইজেশন এর ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নের জন্য সম্ভাব্য কয়েকটি আইডিয়ার বাস্তবায়ন-সম্ভাব্যতা আলোচনা করা হয়। উপস্থিত সকল সদস্য প্রত্যেকটি বিষয়ের উপর তাদের মূল্যবান মতামত উপস্থাপন করেন। | আলোচিত আইডিয়াসমূহের মধ্যে গুরুত্বের বিবেচনায় “স্টোর ইনভেন্টরী এবং মালামাল বরাদ্ধ এর সফটওয়্যার/এ্যাপস” এবং “স্পেশালাইজড স্থাপত্য নকশার অনলাইন আর্কাইভ প্রস্তুত” প্রস্তাব দুইটি বাস্তবায়নের জন্য প্রধান স্থপতি মহোদয়ের অনুমতি গ্রহণ করতে হবে। এই অনুমতি গ্রহণ এবং পরবর্তী প্রক্রিয়া শুরু করার জন্য তত্ত্বাবধায়ক স্থপতি জনাব আহমেদ বশীর উদ্দিন, নির্বাহী স্থপতি বেগম সায়েকা বিনতে আলম এবং নির্বাহী স্থপতি বেগম মোহসেনা সিদ্দিকাকে দায়িত্বপ্রাপ্ত থাকবেন। |
| ৪। | অন্যান্য সংস্থা কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের জন্য সম্ভাব্য কয়েকটি দেশীয় স্থাপত্য প্রকল্প-সাইট পরিদর্শনের প্রস্তাব করা হয় ও সুবিধা/অসুবিধা বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ভিন্ন সংস্থা কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের সম্ভাব্যতাও আলোচনা করা হয়। | অধিদপ্তরের কর্মকান্ডের সাথে সংশ্লিষ্টতার বিবেচনায় দেশে অবস্থিত উদ্ভাবনী আইডিয়া সম্বলিত স্থাপত্য/নির্মাণ প্রকল্প পরিদর্শনের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আলোচিত সম্ভাব্য স্থাপত্য প্রকল্প সাইটসমূহ পরিদর্শনে প্রয়োজনীয় বাজেট ও ব্যবস্থাপনার তুলনামূলক বিশ্লেষণপূর্বক উপস্থাপনের জন্য নির্বাহী স্থপতি বেগম মোহসেনা সিদ্দিকাকে দায়িত্ব প্রদান করা হয়। |
| ৫। | অত্র অধিদপ্তরের তথ্যবাতায়নে ইনোভেশন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন কার্যক্রমের সুশৃঙ্খল উপস্থাপনার জন্য মেন্যু, সেবা বক্স ও সংশ্লিষ্ট সেকশনসমূহের বিন্যাসের পর্যালোচনা করা হয়। | এসংক্রান্ত সেকশনসমূহ সার্বিক মূল্যায়ন, পূনর্বিন্যাস এবং হালানাগাদকরণ বিষয়ে সিনিয়র সহকারী স্থপতি বেগম সিদ্দিকা নাসরিন সুলতানাকে দায়িত্ব প্রদান করা হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৬। | স্থাপত্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ইনোভেশন কোডে অর্থ বরাদ্ধের পরিমাণ অপর্যাপ্ত হওয়ায় সংশোধিত বাৎসরিক বাজেটে তা বৃদ্ধির প্রচেষ্টা নেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের উপর গুরুত্বসহকারে আলোচনা করা হয়। | স্থাপত্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ইনোভেশন কোডে অর্থ বরাদ্দের প্রয়োজনীয় বৃদ্ধির পরিমাণ নির্ধারণ করতে বিগত অর্থবছরে চালুকৃত কার্যক্রম সমূহ চলমান রাখা এবং চলতি অর্থবছরে গৃহীত নতুন কার্যক্রমের জন্য প্রয়োজনীয় প্রাক্কলন চূড়ান্তকরণের জন্য নির্বাহী স্থপতি বেগম সায়েকা বিনতে আলমকে দায়িত্ব প্রদান করা হয়। |
| ৭। | ইনোভেশন ও সেবা সহজিকরণ বিষয়ক ই-নথিসমূহের হার্ড-কপি ছায়া নথি হালনাগাদকরণ সম্পর্কে আলোচনা করা হয়। | ইনোভেশন ও সেবা সহজিকরণ বিষয়ক ই-নথিসমূহের সকল পত্র এবং নোটশিট-এর প্রিন্ট কপি সংরক্ষণের মাধ্যমে হার্ড-কপি ছায়া নথি হালনাগাদকরণ বিষয়ে সহকারী স্থপতি জনাব এম.এস.এম. আরিফুর রহমান দায়িত্ব প্রদান করা হয়। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপরোল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নিজ নিজ দায়িত্ব পালনে অন্যান্য সকল সদস্যদের সহায়তা গ্রহনের নির্দেশনা প্রদান করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আহমেদ বশীর উদ্দিন
তত্ত্বাবধায়ক স্থপতি ও ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ২৫.৩৭.০০০০.৯০৪.৯৯.০০৪.২০.২৪

তারিখ: ১৪ পৌষ ১৪২৯
২৯ ডিসেম্বর ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত প্রধান স্থপতি (জোন-১), স্থাপত্য অধিদপ্তর
২) অতিরিক্ত প্রধান স্থপতি (জোন-২), স্থাপত্য অধিদপ্তর
৩) তত্ত্বাবধায়ক স্থপতি, সার্কেল-৩, স্থাপত্য অধিদপ্তর
৪) তত্ত্বাবধায়ক স্থপতি, সার্কেল-সমন্বয়, স্থাপত্য অধিদপ্তর
৫) নির্বাহী স্থপতি , সার্ভিসেস ডিভিশন, স্থাপত্য অধিদপ্তর
৬) নির্বাহী স্থপতি , বিভাগ-৫, স্থাপত্য অধিদপ্তর
৭) প্রধান স্থপতির স্টাফ অফিসার ও তথ্যবাতায়ন সমণ্বয়ক (নির্বাহী স্থপতি), স্থাপত্য অধিদপ্তর (তথ্যবাতায়নে আপলোডের ব্যবস্থা গ্রহনের জন্য)
৮) নির্বাহী স্থপতি, বিভাগ-১২, স্থাপত্য অধিদপ্তর
৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) সিনিয়র সহকারী স্থপতি, বিভাগ-১০, স্থাপত্য অধিদপ্তর
১১) সিনিয়র সহকারী স্থপতি, বিভাগ-২, স্থাপত্য অধিদপ্তর
১২) এ.কে.এম. আশরাফুজ্জামান, সহকারী স্থপতি, বিভাগ-১৭, স্থাপত্য অধিদপ্তর
১৩) এম.এস.এম. আরিফুর রহমান, সহকারী স্থপতি, বিভাগ-৩, স্থাপত্য অধিদপ্তর
১৪) সাদ বিন মোস্তফা, সহকারী স্থপতি, বিভাগ-৭, স্থাপত্য অধিদপ্তর
১৫) এস, এম অহিদুজ্জামান অনিক, সহকারী স্থপতি, বিভাগ-৫, স্থাপত্য অধিদপ্তর
১৬) উম্মে আয়মোনা আলী অমৃতা, সহকারী স্থপতি, বিভাগ-২, স্থাপত্য অধিদপ্তর
১৭) প্রধান স্থপতির মাস্টার ফাইল।

আহমেদ বশীর উদ্দিন
তত্ত্বাবধায়ক স্থপতি